# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫০৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি বাড়ি থেকে বের হলে যা করা মুস্তাহাব তার বর্ণনা

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ إِذَا أَرَادَ الْخُرُوجَ مِنْ بَيْتِهِ أَنْ يُودِّعَه بِرَكْعَتَيْنِ

আরবী

2505 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ مُكْرَمٍ بِالْبَصْرَةِ حدثنا أبو بكر ابن أَبِي شَيْبَةَ حَدَّثَنَا شَرِيكٌ عَنِ الْمِقْدَامِ بْنِ شُرَيْحٍ عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ قَالَ: قُلْتُ لَهَا: بِأَيِّ شَيْءٍ كَانَ يَبْدَأُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا دَخَلَ عَلَيْكِ وَإِذَا خَرَجَ مِنْ عِنْدِكِ؟ قَالَتْ: كَانَ يَبْدَأُ إِذَا دَخَلَ بِالسِّوَاكِ وَإِذَا خَرَجَ صَلَّى رَكْعَتَيْنِ.
الراوي : شُرَيْح | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2505 | خلاصة حكم المحدث: ضعيف بذكر الصلاة ـ ((الضعيفة)) (6235)، والشطر الأول مضى (1071).

বাংলা

২৫০৫. শুরাইহ থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে জিজ্ঞেস করলাম, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন আপনার বাড়িতে প্রবেশ করতেন এবং যখন আপনার কাছ থেকে বের হতেন, তখন প্রথমে কী করতেন?” তিনি জবাবে বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন বাড়িতে প্রবেশ করতেন, তখন প্রথমে মেসওয়াক করতেন। আর যখন বের হওয়ার ইচ্ছা করতেন, তখন দুই রাকা‘আত সালাত আদায় করতেন।”[1]

ফুটনোট

[1] হাদীসটির প্রথম অংশ বর্ণিত হয়েছে: সহীহ মুসলিম: ২৫৩; মুসনাদ আহমাদ: ৬/১৮৮; আবূ আওয়ানা: ১/১৯২; সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৬৮; ইবনু মাজাহ: ২৯০; আবূ দাঊদ: ৫১; নাসাঈ: ১/১৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ২০১।

আর দ্বিতীয় অংশ বর্ণিত হয়েছে: মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৬৮; ইবনু মাজাহ: ২৯০; মুসনাদ আহমাদ: ৬/১৮২; আবূ দাঊদ: ৫১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির প্রথম অংশ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। দ্বিতীয় অংশের এই হাদীসকে যঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটির প্রথম অংশ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। দ্বিতীয় অংশকে যঈফ বলেছেন। (যঈফা: ৬২৩৫।)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ শুরায়হ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91831

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন